

শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলা প্রথমপত্র

রাখালের বুদ্ধি

জ্ঞানমূলক প্রশ্ন:

১. কে মন্ত্রীর অপরাধ ক্ষমা করেন?
২. মন্ত্রীকে রাজা উত্তর দানের জন্য কতদিনের সময় দিলেন?
৩. রাজার প্রথম প্রশ্নটি কী ছিল?
৪. দেশ-বিদেশে মন্ত্রী কাদের সাথে দেখা করলেন?
৫. 'রাখালের বুদ্ধি' কোন ধরনের রচনা?
৬. রাজা রাখালকে কী উপহার দিলেন?
৭. কে মন্ত্রীকে বিপদ থেকে রক্ষা করলেন?
৮. রাজার প্রশ্নগুলো শুনে মন্ত্রীর কী অবস্থা হলো?
৯. রাজা মন্ত্রীকে কয়টি প্রশ্নের উত্তর দিতে বললেন?
১০. মন্ত্রী তার ভুলের জন্য কার কাছে ক্ষমা চাইলেন?
১১. রাজা কী শর্তে মন্ত্রীকে ক্ষমা করতে চাইলেন?
১২. 'রাখালের বুদ্ধি' গল্পের মূল বিষয়বস্তু কী?
১৩. 'তাজ্জব' শব্দের অর্থ কী?
১৪. 'রাখালের বুদ্ধি' গল্পে কাঁচুমাঁচু শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
১৫. 'শাগরেদ' কোন ভাষার শব্দ?
১৬. রাখাল শেষ দিন কার পোষাক পরলেন?
১৭. রাজার তৃতীয় প্রশ্ন কী বিষয় ছিল?

সৃজনশীল প্রশ্ন:

১. কামাল সাহেবকে পুলিশ ধরে নিয়ে গেল। প্রতিবেশী আনোয়ার সাহেব কে কামালের স্ত্রী অনুরোধ করল সাহায্যের জন্য। কিন্তু ভয়ে আনোয়ার সাহেব থানায় গেলেন না। পরে কামাল মুক্ত হয়ে জানালেন ভুল করে তাকে ধরা হয়েছিল?
ক) মন্ত্রী কে কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে?
খ) রাজার করা প্রশ্নগুলো কেমন ছিল?
গ) রাখাল ও আনোয়ারের মধ্যে পার্থক্য লিখ।
ঘ) "সবাই সাহায্য করার ঝুঁকি নিতে পারে না সবার সৎ সাহস থাকে না" গল্প ও উদ্দীপক অনুযায়ী আলোচনা কর।
২. রহিম ও করিম দুই বন্ধু। তারা একবার বনে বেড়াতে যায়। বনের মধ্যে হঠাৎ তারা দেখতে পেল দূর থেকে একটা ভালুক আসছে। রহিম, এক চিৎকার দিয়ে দৌড়ে এক গাছের মগ ডালে গিয়ে বসল। করিম গাছে উঠতে পারে না কিন্তু সে জানতো যে, ভালুকরা মৃত মানুষ খায় না। তখন সে তাড়াতাড়ি মাটিতে শুয়ে পড়ল এবং মরার মত পড়ে রইল। এভাবেই করিম নিজের জ্ঞান ও বুদ্ধির জোরে বেঁচে গিয়েছিল।
ক) রাজা মন্ত্রীর কত মাস সময় দিলেন?
খ) রাজা মন্ত্রীকে ক্ষমা করে দিলেন কেন?
গ) উদ্দীপকের করিমের যে উপস্থিত বুদ্ধির প্রকাশ পেয়েছে 'রাখালের বুদ্ধি' গল্পে কীভাবে তা প্রতিফলিত হয়েছে-ব্যাখ্যা কর।
ঘ) 'উপস্থিত বুদ্ধি দিয়ে যে কোনো ভয়াবহ পরিস্থিতি মোকাবিলা করা সহজ'-এই উক্তি যথার্থতা বিশ্লেষণ কর।